

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৫৮

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৩. ঋতুবতী স্ত্রীর সাথে একত্রে আহার ও মেলামেশা করা

باب فِي مُؤَاكَلَةِ الْحَائِضِ وَمُجَامَعَتِهَا

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، حَدَّثَنَا ثَابِتٌ الْبُنَانِيُّ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، أَنَ الْيُهُودَ، كَانَتْ إِذَا حَاضَتْ مِنْهُمُ امْرَأَةٌ أَخْرَجُوهَا مِنَ الْبَيْتِ وَلَمْ يُوَّاكِلُوهَا وَلَمْ يُشَارِبُوهَا وَلَمْ يُجَامِعُوهَا فِي الْبَيْتِ فَسُئِلَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم عَنْ ذَلِكَ فَأَنْزَلَ اللهُ سُبْحَانَهُ (وَيَسْأَلُونَكَ عَنِ الْمَحِيضِ قُلْ هُوَ أَذًى فَاعْتَزِلُوا النِّسَاءَ فِي الْمَحِيضِ) إِلَى آخِرِ سُبُحْانَهُ (وَيَسْأَلُونَكَ عَنِ الْمَحِيضِ قُلْ هُو أَذًى فَاعْتَزِلُوا النِّسَاءَ فِي الْمُحِيضِ) إِلَى آخِرِ الآيَةِ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " جَامِعُوهُنَّ فِي الْبُيُوتِ وَاصْنَعُوا كُلَّ شَيْءٍ الْآيَةِ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " جَامِعُوهُنَّ فِي الْبُيُوتِ وَاصْنَعُوا كُلَّ شَيْءٍ عَيْرَ النِّكَاحِ " . فَقَالَتِ الْيَهُودُ مَا يُرِيدُ هَذَا الرَّجُلُ أَنْ يَدَعَ شَيْئًا مِنْ أَمْرِنَا إِلَّا خَالَفَنَا فِيهِ . غَيْرَ النِّكَاحِ " . فَقَالَتِ الْيَهُودُ مَا يُرِيدُ هَذَا الرَّجُلُ أَنْ يَدَعَ شَيْئًا مِنْ أَمْرِنَا إِلَّا خَالَفَنَا فِيهِ . فَجَاءَ أُسَيْدُ بْنُ حُضَيْرٍ وَعَبَّادُ بْنُ بِشْرٍ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَا يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم حَتَّى ظَنَنَا أَنْ قَدْ وَجَدَ عَلَيْهِمَا فَخَرَجَا فَاسْتَقْبُلَتُهُمَا هَدِيَّةٌ مِنْ لَبَنِ إِلَى رَسُولِ اللهِ صلى الله عليه وسلم حَتَّى ظَنَنَا أَنْ قَدْ وَجَدَ عَلَيْهِمَا فَضَرَجَا فَاسْتَقْبُلَتُهُمَا هَطَنَتَا أَنَّهُ لَمْ يَجِدْ عَلَيْهِمَا . رَسُولِ اللهِ صلى الله عليه وسلم فَبَعَتَ فِي آثَارِهِمَا فَسَقَاهُمَا فَطَنَتَا أَنَّهُ لَمْ يَجِدْ عَلَيْهِمَا .

_ صحیح : م

বাংলা

২৫৮। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, ইয়াহূদীদের নিয়ম ছিল, তাদের নারীদের মাসিক আরম্ভ হলে তারা তাকে ঘর থেকে বের করে দিত। তারা তার সাথে আহার করত না এবং এক ঘরে বসবাসও করত না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এ বিষয়ে জিজ্ঞাসা করা হলে মহান আল্লাহ এ প্রসঙ্গে নিম্নোক্ত আয়াত অবতীর্ন করেনঃ "তারা তোমাকে হায়িয সম্পর্কে জিজ্ঞাসা করে? তুমি বল, তা অপবিত্র। কাজেই তোমরা হায়িয চলাকালে সহবাস বর্জন করবে এবং পবিত্র না হওয়া পর্যন্ত সঙ্গম করবে না। তারা যখন পবিত্র হবে তখন তোমরা তাদের নিকট ঠিক সেভাবে যাও যেভাবে (পূর্বে) যেতে, আল্লাহ তোমাদের আদেশ করেছেন।



যারা পাপ কাজ হতে বিরত থাকে ও পবিত্রতা অবলম্বন করে আল্লাহ তাদের ভালবাসেন।"- (সূরাহ বাক্বারাহ : ২২২)।

অতঃপর রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমরা তাদের সাথে (তাদের হায়িয় অবস্থায়) একই ঘরে অবস্থান ও অন্যান্য কাজ করতে পার শুধু সহবাস ছাড়া। এ কথা শুনে ইয়াহূদীরা বলল, এ লোক (মুহাম্মাদ) তো প্রতিটি কাজেই আমাদের বিরুদ্ধাচরণ করতে চায়। উসাইদ ইবনু হুদায়ির এবং 'আব্বাদ ইবনু বিশর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললো, হে আল্লাহর রসূল! ইয়াহূদীরা এরূপ এরূপ এরূপ বলেছে। তবে কি ঋতু অবস্থায় আমরা তাদের সাথে সহবাস করব না? এ কথা শুনে রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএর চেহারা পরিবর্তন হয়ে গেল, এমনকি আমরা মনে করলাম, তিনি হয়ত তাঁদের উপর ক্রোধান্বিত হয়েছেন। এরপর তাঁরা সেখান থেকে চলে গিয়ে (জনৈক সাহাবীর মাধ্যমে) রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএর নিকট দুধ হাদিয়া পাঠালেন। তিনি তাদের ডেকে দুধ পান করালেন। তখন আমরা বুঝলাম তাদের উপর তাঁর কোন রাগ নেই।[1]

সহীহ : মুসলিম।

English

Anas b. malik said:

Among the jews, when a women menstruated, they ejected her from the house, and they did not eat with her, nor did they drink with her, nor did they associate with her in (their houses) so the Messenger of Allah (May peace be upon him) was questioned about that. Thereupon Allah revealed: "They guestion thee concerning menstruation. Say: I: is an illness, so let woman alone at such times" (ii 222). The Messenger of Allah (May peace be upon him) then said: Associate with them in the houses and do everything except sexual intercourse. Thereupon the Jews said: This man does not want to leave anything we do without opposing us in it. Usaid b. Hudair and Abbad b. Bishr came and said: Messenger of Allah, the jews are saying such and such a thing. Shall we not then have intercourse with women during mensuration? The face of the Apostle Allah() underwent such a change that we thought he was angry with them; but when they went out they received a gift of milk which was being brought to the Messenger of Allah(ﷺ), and he sent after them and gave them a drink, whereupon we thought that he was not angry with them.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ হায়িয, অনুঃ ঋতুবতী স্ত্রীর সাথে একই লেপের নীচে রাত যাপন করা), তিরমিযী (অধ্যায়ঃ



তাফসীর, হাঃ ২৯৭৭), নাসায়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মহান আল্লাহর বাণীর ব্যাখ্যাঃ আপনাকে তারা হায়িয সম্পর্কে জিজ্ঞাসা করে, হাঃ ২৮৭), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ৬৪৪), দারিমী (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ১০৫৮), আহমাদ (৩/১৩২, ২৪৬), সকলে হাম্মাদ ইবনু সালামাহ সূত্রে।

_

হায়িয়, নিফাস ও ইস্তিহাযা পরিচিতঃ

হায়িযঃ হায়িযের আভিধার্নিক অর্থঃ কোনো তরল পদার্থ প্রবাহিত হওয়া। শারী আতের পরিভাষায় হায়িয হচ্ছেঃ কোনো প্রকার আঘাত, রোগ এবং প্রসবজনিত কোনো কারণ ছাড়া মহিলাদের নির্দিষ্ট সময়ে স্বাভাবিক রক্তপ্রাব হওয়া।

নিফাস (প্রসবোত্তর রক্তস্রাব)- এটা ঐ রক্তস্রাব, যা প্রসবজনিত কারণে প্রসবকালে বা পরে নির্গত হয়ে থাকে। এর সর্বোচ্চ সময়সীমা ৪০ দিন।

ইস্তিহাযা (অনিয়মিত রক্তপ্রাব)- এটা হচ্ছে মহিলাদের বিরতিহীনভাবে রক্তপ্রাব অথবা সামান্য সময় বিরতি দিয়ে রক্তপ্রাব। কোনো মহিলার স্বীয় হায়িয ও নিফাসের গণণাকৃত নির্দিষ্ট দিন অতিবাহিত হওয়ার পরও যে রক্তপ্রাব হয়, তাই ইস্তিহাযা বা রক্তপ্রদর রোগ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবন মালিক (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন